

# সংযুক্ত তহবিল (অগ্রিম মঞ্জুরী দান ও নির্দিষ্টকরণ) আইন, ১৯৯৬

( ১৯৯৬ সনের ৩ নং আইন )

১৯৯৬-৯৭ অর্থ বৎসরের কিছু অংশের কার্যসমূহ নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অগ্রিম অর্থ মঞ্জুরী দানের জন্য প্রণীত আইন

যেহেতু ১৯৯৬-৯৭ অর্থ বৎসরের কিছু অংশের কার্যসমূহ নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অগ্রিম অর্থ মঞ্জুরী দান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত  
শিরোনামা ও  
প্রবর্তন

১। (১) এই আইন সংযুক্ত তহবিল (অগ্রিম মঞ্জুরী দান ও নির্দিষ্টকরণ) আইন, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা ৮ই আষাঢ়, ১৪০৩ মোতাবেক ২২শে জুন, ১৯৯৬ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

১৯৯৬-৯৭  
অর্থ  
বৎসরের  
কিছু  
অংশের  
জন্য সংযুক্ত  
তহবিল  
হইতে

২। এই আইনের সহিত সংযুক্ত তফসিলের কলাম ২-এ বর্ণিত কার্যসমূহ নির্বাহ ও উদ্দেশ্যসমূহ পূরণকল্পে ১৯৯৬-৯৭ অর্থ বৎসরের কিছু অংশের ব্যয় নির্বাহের জন্য তফসিলের কলাম ৫-এ বর্ণিত অর্থের অনধিক অর্থ সর্বসাকুল্যে আট হাজার চার শত পঁয়ত্রিশ কোটি আটত্রিশ লক্ষ আঠার হাজার টাকা সংযুক্ত তহবিল হইতে প্রদেয় হইবে।

৮৪৩৫,৩৮,১৮,০০০

টাকা অগ্রিম  
উত্তোলন

নির্দিষ্টকরণ

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে উত্তোলনের জন্য অনুমোদিত অর্থসমূহ উক্ত অর্থ বৎসরের কিছু অংশ সম্পর্কে তফসিলে উল্লিখিত কার্যাদি ও উদ্দেশ্যসমূহের জন্য নির্দিষ্ট করা হইবে।

রহিতকরণ  
ও হেফাজত

৪। (১) সংযুক্ত তহবিল (অগ্রিম মঞ্জুরী দান ও নির্দিষ্টকরণ) অধ্যাদেশ, ১৯৯৬ (অধ্যাদেশ নং ২৫, ১৯৯৬) এতদ্বারা রহিত করা হইল।